# বিগত তিন জাতীয় নির্বাচনের অনিয়ম ও দুর্নীতির তথ্য চায় তদন্ত কমিশন




সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচন তদন্ত কমিশন আওয়ামী লীগ সরকারের অধীনে অনুষ্ঠিত ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের জাতীয় নির্বাচনে সংঘটিত অনিয়ম, দুর্নীতি ও অপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য আহ্বান করেছে।

রোববার (১২ অক্টোবর) প্রকাশিত কমিশনের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, গণতান্ত্রিক প্রক্রিয়া পুনঃপ্রতিষ্ঠা এবং ভবিষ্যতে সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচন নিশ্চিতের জন্য সরকার 'জাতীয় নির্বাচন (২০১৪, ২০১৮ ও ২০২৪) তদন্ত কমিশন' গঠন করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, তদন্ত কার্যক্রমে অংশ নিতে যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সরাসরি কমিশন কার্যালয়ে উপস্থিত হয়ে অভিযোগ বা তথ্য প্রদান করতে পারবেন।

LENS ASIA

তথ্য বা অভিযোগ পাঠানো যাবে ই-মেইল (feedback@neic-bd.org), ওয়েবসাইট (www.neic-bd.org)–এর 'মতামত ও সুপারিশ' অপশন, ডাকযোগে অথবা কমিশন কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে। এছাড়া যোগাযোগের জন্য টেলিফোন ০২-২২২২১৫৬৪৭ এবং মোবাইল ০১৫৫০০৪২০৬০ ব্যবহার করা যাবে।

কমিশনের কার্যালয় অবস্থিত ঢাকার শের-ই-বাংলা নগরে জাতীয় সংসদ ভবনের ২ নম্বর ব্লকে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী করা এবং ভবিষ্যতে সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার জন্য এই তথ্য সংগ্রহ কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ।